

“জাদুকররা যখন মুসা (আ) এর সাথে পরাজিত

হয়ে আল্লাহর উপর ঈমান আনলো এবং

ফেরাউন, সভাসদ ও বিপুলসংখ্যক জনতার

সামনে সেজদাবনত হল, তখন ফেরাউন বললঃ

আমি তোমাদের হাত পা বিপরীত দিক থেকে

কেটে তোমাদেরকে শুলিবিদ্ধ করবই”

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

আজকের আলোচনার বিষয়, “জাদুকররা যখন মুসা (আ) এর সাথে পরাজিত হয়ে

আল্লাহর উপর ঈমান আনলো এবং ফেরাউন, সভাসদ ও বিপুলসংখ্যক জনতার সামনে

সেজদাবনত হলো, তখন ফেরাউন বললঃ আমি তোমাদের হাত পা বিপরীত দিক থেকে

কেটে তোমাদেরকে শুলিবিদ্ধ করব”

পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছেঃ সূরা নম্বর ২০, ত্বা-হা, আয়াত নম্বর ৭১ঃ

☆ قَالَ امْنْتُمْ لَهُ قَبْلَ اَنْ اَذِنَ لَكُمْ اِنَّهٗ لَكَبِيْرُكُمْ الَّذِي
عَلَّمَكُمْ السَّحْرَ فَلَا قُطْعَنَ اَيْدِيكُمْ وَاَرْجُلُكُمْ مِّنْ خِلَافٍ
وَّ اَصْلَابِنَّكُمْ فِى جُدُوْعِ النَّخْلِ وَاَلْتَعَلَّمْنَ اَيْنَا اَشَدُّ عَذَابًا
وَّاَبْقَى

অর্থঃ “ফেরাউন বলল, কি, আমি তোমাদের অনুমতি দেয়ার পূর্বেই তোমরা মুসার উপর বিশ্বাস স্থাপন করলে? দেখছি, সে তো তোমাদের প্রধান, সে তোমাদের জাদু শিক্ষা দিয়েছে; সুতরাং আমি অবশ্যই তোমাদের হাত-পা বিপরীত দিক থেকে কেটে ফেলবো এবং তোমাদেরকে খেজুর গাছের কাণ্ডে শুলিবিদ্ধ করবোই এবং তোমরা অবশ্যই জানতে পারবে আমাদের মধ্যে কার শাস্তি কঠোর ও অধিক স্থায়ী।”

জাদুকরদের সংখ্যাঃ ইবনে আবী হাতিম (রহঃ) ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে, জাদুকরদের সংখ্যা ছিল ৭০ জন (ইবনে আবী হাতিম ৭/২৪২৮) “সকালে তারা ছিল জাদুকর, কানফের এবং সন্ধ্যায় হয়ে গেল মুমিন”

জনতার সংখ্যাঃ মোহাম্মদ ইবনে কা'বের (রহ) উক্তি উপস্থিত জনতার সংখ্যা ছিল ৮০০০০ (আশি হাজার)। ফেরাউন জাদুকরদের হাত-পা বিপরীত দিক থেকে কেটে শুলে চড়িয়ে হত্যা করল। জাদুকররা আল্লাহর পথে শহীদ হলেন। ইকরিমাহ (রহ) এবং কাসিম ইবনি বিঘযার (রহ) বলেন যে, জাদুকরেরা যখন মাটিতে মাথা ঠেকিয়ে সেজদায় পড়ে যান, তখন তাদের মাথা উত্তোলন করার আগেই আল্লাহ সুবহানাছ ওয়া তা'আলা জান্নাতে তাদের বাসস্থান দেখিয়ে দেন। (তাবারি ১৮/৩৩৪)

ফেরাউন স্বচক্ষে দেখতে পেল যে, জাদুকরদের মাধ্যমে সে মুসা (আ) এর উপর জয়ী হবে ভেবেছিল, সেই জাদুকররাই নিজেদের পরাজয় স্বীকার করে নিল এবং সারা জাহানের মালিক আল্লাহর প্রতি সেজদাবনত হল এইভাবে ফেরাউন সবার সামনে পরাজিত অপমানিত হলো যা এর পূর্বে আর কখনো ঘটেনি। কিন্তু ফেরাউন ঈমান আনলো না বরং ঈমানের বলে বলিয়ান জাদুকরদেরকে নির্মমভাবে হত্যা করল। আল্লাহ জাদুকর, ইমানদার শহীদদের প্রতি সন্তুষ্ট হন এবং আমাদেরকে ঈমানদার বান্দা হওয়ার তৌফিক দান করুন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু